গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
হাতি সংরক্ষণ প্রকল্প
বন ভবন, মহাখালী, ঢাকা, বাংলাদেশ

স্মারক নং: 22.02.0000.৫০৯.২৯.১১৬.২৬.১৭২৭ তারিখ: ২২/০৭/২০২৫

# কার্যপরিধি (TOR)

হাতি সংরক্ষণ প্রকল্পের আওতায় হাতি উদ্ধার কেন্দ্র, হাতি অভয়ারণ্য, কর্মচারী ব্যারাক, অস্থায়ী চিকিৎসা শেড, সৌরচালিত বৈদ্যুতিক বেড়া, ট্রি টাওয়ার, জলাধার, ড্রেনেজ ব্যবস্থা, বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থা এবং সংশ্লিষ্ট সাইট উন্নয়নমূলক অবকাঠামোর পরিকল্পনা, নকশা প্রণয়ন, ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণ এবং নির্মাণ তদারকির জন্য পরামর্শক সেবা।

## গুরুত্বপূর্ণ তথ্য

| বিষয় | বিবরণ |
|---|---|
| প্রকল্পের নাম | হাতি সংরক্ষণ প্রকল্প |
| অ্যাসাইনমেন্টের নাম | হাতি সংরক্ষণ অবকাঠামোর পরিকল্পনা, নকশা প্রণয়ন, ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণ এবং নির্মাণ তদারকির জন্য পরামর্শক সেবা |
| প্যাকেজ নং | BFD-GD-ELE:03 |
| বাস্তবায়নকারী সংস্থা | বাংলাদেশ বন অধিদপ্তর |
| মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| নির্বাচন পদ্ধতি | ~~পরামর্শকের যোগ্যতাভিত্তিক নির্বাচন পদ্ধতি (CQS)~~<br>পরামর্শকের যোগ্যতাভিত্তিক নির্বাচন (SBCQ) |
| দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ | প্রকল্প পরিচালক, হাতি সংরক্ষণ প্রকল্প |
| বাজার পদ্ধতি | জাতীয় উন্মুক্ত (National Open) |
| অর্থায়নের উৎস | বাংলাদেশ সরকার (GoB) |
| প্রকল্প বাস্তবায়নকাল | জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ |
| পরামর্শক সেবার মেয়াদ | প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের মধ্যে |
| প্রকল্প এলাকা | চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, সিলেট, শেরপুর এবং অন্যান্য প্রকল্প এলাকা |

## ১: প্রকল্পের পটভূমি

হাতি সংরক্ষণ প্রকল্পের আওতায় বাংলাদেশের বিভিন্ন হাতির আবাসস্থল এবং মানুষ-হাতি দ্বন্দ্বপ্রবণ এলাকায় সংরক্ষণ, অবকাঠামো উন্নয়ন, আবাসস্থল উন্নয়ন, গবেষণা, পর্যবেক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহের মধ্যে রয়েছে প্রাকৃতিক হাতির আবাসস্থল এবং হাতির চলাচল করিডোর সংরক্ষণ ও উন্নয়ন, হাতির খাদ্য উপযোগী বৃক্ষরোপণ ও বাঁশ বাগান স্থাপন, প্রাকৃতিক খাদ্য উৎস সংরক্ষণ এবং হাতির খাদ্য ও পানির নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জলাধার ও জলাশয় (Water Hole) উন্নয়ন।

প্রকল্পের আওতায় মানুষ-হাতি দ্বন্দ্ব প্রশমনের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে, যার মধ্যে রয়েছে পরিবেশবান্ধব জৈব বেড়া (Ecological Bio-Fencing) স্থাপন, সৌরচালিত বৈদ্যুতিক বেড়া (Solar Power Fencing) স্থাপন, সতর্কীকরণ ব্যবস্থা (Alarm System) ও পর্যবেক্ষণ সুবিধা স্থাপন, হাতির চলাচল পর্যবেক্ষণ এবং ফসলের ক্ষয়ক্ষতি প্রতিরোধের উদ্দেশ্যে ট্রি টাওয়ার নির্মাণ এবং এলাকাভিত্তিক মানুষ-হাতি দ্বন্দ্ব প্রশমন পরিকল্পনা বাস্তবায়ন।

এছাড়াও, মানুষের জীবন ও সম্পদ রক্ষা এবং জরুরি হাতি প্রতিক্রিয়া ও উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য অ্যান্টি ডিপ্রেডেশন স্কোয়াড (ADS), এলিফ্যান্ট রেসপন্স টিম (ERT) এবং এলিফ্যান্ট রেসকিউ টিম (ERT) গঠন, প্রশিক্ষণ প্রদান এবং পরিচালনাগত সহায়াতা প্রদান করা হবে।

প্রকল্পের আওতায় বিভিন্ন অবকাঠামোগত সুবিধা নির্মাণ করা হবে, যার মধ্যে রয়েছে হাতি উদ্ধার কেন্দ্র (Elephant Rescue Center), হাতি অভয়ারণ্য (Elephant Sanctuary), আহত হাতির চিকিৎসার জন্য অস্থায়ী চিকিৎসা শেড, কর্মচারী ব্যারাক, ড্রেনেজ ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, বৈদ্যুতিক ব্যবস্থা, সীমানা প্রাচীর এবং সংশ্লিষ্ট সাইট উন্নয়নমূলক কাজ।

প্রকল্পটি সংরক্ষণ ও পর্যবেক্ষণ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় বিভিন্ন পরিচালন সরঞ্জাম, যোগাযোগ যন্ত্রপাতি, সার্চলাইট, সেন্সর-ভিত্তিক ট্রিপ অ্যালার্ম, বন্যপ্রাণী অচেতনকরণ (Wildlife Tranquilizing) সরঞ্জাম এবং টহল যানবাহন সংগ্রহেও সহায়তা প্রদান করবে।

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং বাংলাদেশে দীর্ঘমেয়াদি টেকসই হাতি সংরক্ষণ উদ্যোগকে শক্তিশালী করার লক্ষ্যে বন অধিদপ্তরের কর্মকর্তা, স্থানীয় অংশীজন, কমিউনিটি সদস্য এবং যুবসমাজের জন্য কর্মশালা, সভা, সেমিনার, সচেতনতামূলক কর্মসূচি এবং প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা হবে।

প্রকল্পের আওতায় প্রস্তাবিত নির্মাণকাজের জন্য জরিপ সমন্বয়, পরিকল্পনা প্রণয়ন, বিস্তারিত নকশা প্রস্তুতকরণ, ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণ, দরপত্র দলিল প্রস্তুতকরণ এবং নির্মাণ তদারকির উদ্দেশ্যে বাংলাদেশ বন অধিদপ্তর একটি অভিজ্ঞ প্রকৌশল পরামর্শক প্রতিষ্ঠান (Engineering Consulting Firm) নিয়োগ করতে আগ্রহী।

## ২. অ্যাসাইনমেন্টের উদ্দেশ্য

অ্যাসাইনমেন্টের প্রধান উদ্দেশ্যসমূহ হলো:

- প্রকল্পের আওতাধীন ভৌত অবকাঠামো নির্মাণকাজের জন্য জরিপ ও তদন্ত কার্যক্রম পরিচালনা/পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় নকশা, কার্যকরী অঙ্কন (Working Drawings), ব্যয় প্রাক্কলন, কারিগরি স্পেসিফিকেশন;
- পরিমাণ বিল (Bill of Quantities - BOQ) এবং দরপত্র দলিল (Bid Documents) প্রস্তুত করা;
- প্রকল্প পরিচালক (Project Director) এবং সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাগণ (Divisional Forest Officers - DFOs) - কে প্রকিউরমেন্ট প্রক্রিয়া এবং প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান করা;
- নির্ধারিত সময়সীমার মধ্যে নির্মাণকাজের বাস্তবায়ন ও সমাপ্তিতে উচ্চমানের গুণগত মান নিশ্চিতকরণ (Quality Assurance) নিশ্চিত করা;
- ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত প্রকল্প কার্যক্রমের সার্বিক তদারকি ও পর্যবেক্ষণ করা;
- নিয়মিত অগ্রগতি প্রতিবেদন ও সমাপ্তি প্রাতিবেদন প্রস্তুত করা;

## ৩. সেবার পরিধি (Scope of Services)

- ঠিকাদার কর্তৃক জমাকৃত সকল নকশা (Drawing), পদ্ধতি বিবরণী (Method Statement) ও নির্মাণ কর্মপরিকল্পনা (Construction Programme) পর্যালোচনা ও অনুমোদন প্রদান;
- প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রাথমিক জরিপ ও বেসলাইন তথ্য সংগ্রহ;
- নির্মাণ শুরুর আগে সাইট জরিপ, মাটি পরীক্ষা ও পরিবেশগত প্রশমন ব্যবস্থা (Mitigation Measures) যাচাই করা;
- ঠিকাদারের সাইট মোবিলাইজেশন পরিকল্পনা যাচাই ও অনুমোদন;
- অবকাঠামোর প্রয়োজনীয়তা নির্ধারণ ও মাস্টারপ্ল্যান প্রস্তুত;
- পরিমাপ ও মূল্য নির্ধারণের ভিত্তি (Bill of Quantities) চূড়ান্ত করতে সহায়তা।
- নির্মাণ সাইটে নিয়মিত (দৈনিক/সাপ্তাহিক) পরিদর্শন পরিচালনা করা;
- উপকরণ পরীক্ষা (Material Testing) - মাটি, কংক্রিট, ইট, রড ইত্যাদির মান যাচাই;
- নির্মাণের বিভিন্ন পর্যায়ে পরিদর্শন চেকলিস্ট পূরণ ও অনুমোদন;
- প্রতিটি পেমেন্ট সার্টিফিকেট যাচাই ও প্রস্তাব তৈরিতে সহায়তা;
- ঠিকাদার কর্তৃক উত্থাপিত ভ্যারিয়েশন, ক্লেম ও এক্সটেনশন অব টাইম (EOT) পর্যালোচনা;
- স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ (HSE) বিধিমালা প্রতিপালন পর্যবেক্ষণ;
- পরিবেশগত ও সামাজিক মনিটরিং পরিকল্পনা (ESMP) বাস্তবায়ন পর্যবেক্ষণ;
- হাতির বিচরণপথ ও বাসস্থান যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়ে বিশেষ মনোযোগ রাখা;
- সাইট মিটিং পরিচালনা ও মিনিটস্ সংরক্ষণ।
- ইনসেপশন রিপোর্ট (Inception Report);
- মাসিক অগ্রগতি প্রতিবেদন (Monthly Progress Report - MPR);
- সারভে রিপোর্ট (Survey Report); ডিজাইন ও এস্টিমেট রিপোর্ট;
- কার্যসম্পাদন মান নিশ্চিতকরণ প্রতিবেদন (Quality Assurance Report);
- অংশকালীন ও সমাপ্তি প্রতিবেদন (Interim & Completion Report);
- As-Built Drawing যাচাই ও অনুমোদন।

## ৪. প্রধান পূর্তকাজের তালিকা

পরামর্শক প্রতিষ্ঠানটি বাংলাদেশ বন অধিদপ্তরের হাতি সংরক্ষণ প্রকল্পের প্রকল্প পরিচালক (PD)-এর প্রত্যক্ষ নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে এবং সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাদের (DFOs) সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবে।

পরামর্শক প্রতিষ্ঠান নিম্নোক্ত নির্মাণকাজসমূহের পরিকল্পনা, নকশা, ব্যয় প্রাক্কলন, দরপত্র দলিল প্রস্তুতকরণ এবং নির্মাণ তদারকির জন্য দায়ী থাকবে

| ক্রমিক নং | কাজের বিবরণ | একক | পরিমান |
|---|---|---|---|
| ১ | নিকাশ (Drainage) কাঠামো {(সাইড ড্রেন নির্মাণ (অফিস, হাতি উদ্ধার কেন্দ্র ও অন্যান্য স্থাপনার ভিতরে পানি ও পয:নিস্কাশনের জন্য)} | আর.এম | ১০০ |
| ২ | লাইন ও তার (বিদ্যুৎ সরবরাহ ও সরঞ্জাম (২০টি খুঁটি, ক্যাবল, ইনসুলেটর ও ট্রান্সফরমার ইত্যাদি) | সংখ্যা | ২০ |
| ৩ | স্বল্প মুলধনি কাজ (সৌর বিদ্যুৎচালিত বেড়া (Solar Power Fencing) | কি: মি: | ১৫ |
| ৪ | স্বল্প মুলধনি কাজ (ট্রি টাওয়ার নির্মাণ (হাতী চলাচল ও ফসলের ক্ষতি রোধকল্পে পর্যবেক্ষণের জন্য বড় গাছে) | সংখ্যা | ১৬ |
| ৫ | স্বল্প মুলধনি কাজ (হাতির ব্যবহার উপযোগী নিচু এলাকায় জলাধার (Water hole) খনন (প্রতিটি ২০ X ১০ X ৩= ৬০০ ঘন: মি.) (৪০টি X ৬০০ ঘ.মি.=২৪০০০ ঘ.মি.) | ঘ.মি. | ২৪০০০ |
| ৬ | স্বল্প মুলধনি কাজ (হাতির ব্যবহার উপযোগী এলাকায় (Saltlick) স্থাপন) | সংখ্যা | ৩০ |
| ৭ | স্বল্প মুলধনি কাজ (আহত হাতির চিকিৎসার জন্য সিলেট, চট্টগ্রাম, রাঙ্গামাটি, শেরপুর অঞ্চলে অস্থায়ী সেড নির্মাণ) | সংখ্যা | ৪ |
| ৮ | অনাবাসিক ভবন ও স্থাপনা (হাতি অভয়ারণ্যে কর্মচারী ও মাহুতের জন্য ২ (দুই) তলা বিশিষ্ট ব্যারাক নির্মাণ) প্রতিটি ৬০ ব:মি: হিসাবে ৪টি ইউনিট | ব:মি: | ২৪০ |
| ৯ | অনাবাসিক ভবন ও স্থাপনা (হাতির উদ্ধার কেন্দ্র স্থাপন (১.৫ একর জায়গা নিয়ে গাজীপুর সাফারী পার্ক ও ডুলাহাজারা সাফারী পার্ক, কক্সবাজার) | সংখ্যা | ২ |

| ক্রমিক নং | কাজের বিবরণ | একক | পরিমান |
|---|---|---|---|
| ১০ | অনাবাসিক ভবন ও স্থাপনা [পোষা হাতির জন্য অভয়ারণ্য (অভয়াশ্রম) স্থাপন- ১০.০ একর জায়গা নিয়ে চট্টগ্রামের চুনতিতে স্থাপিত হবে]<br>(ক) সীমানা প্রাচীর নির্মাণ (২.৫ মি. উচ্চতা বিশিষ্ট)- ১২০০ আরএম<br>(খ) হাসপাতাল নির্মাণ-২০০ ব:মি:<br>(গ) মিনি এনক্লোজার-২০০ আরএম<br>(ঘ) জলাধার খনন (৮০ ব:মি: X ৪০ ব:মি: X ৫ ব:মি:)-৩২০০০ ঘ:মি:<br>(ঙ) হাতিশালা নির্মাণ (২৫ ব:মি: X ২০ ব:মি:)-৫০০ ব:মি:<br>(চ) প্রবেশ গেইট নির্মাণ- ১টি<br>(ছ) হাতি বাধার স্থানে ব্রিক সোলিং নির্মাণ-৩০০ ব:মি:<br>(জ) গভীর নলকুপ স্থাপন (মটর ও চৌবাচ্চাসহ)-২টি<br>(ঝ) খাদ্য গুদাম (১৫ ব:মি: X ১০ ব:মি:)-৩০০ ব:মি: | সংখ্যা | ১ |

## ৫. পরামর্শক কর্তৃক প্রদেয় সেবা

উপরোক্ত নির্মাণকাজসমূহের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নোক্ত সেবা প্রদান করবে:

১. লে-আউট পরিকল্পনা, নকশা ও অঙ্কন (Drawings) প্রস্তুত করা এবং মুদ্রিত ও সফট কপি আকারে সকল অঙ্কন জমা প্রদান;

২. ব্যয় প্রাক্কলন, পরিমাণ বিল (BOQ) এবং কারিগরি স্পেসিফিকেশন প্রস্তুত করা;

৩. প্রতিটি প্যাকেজের জন্য দরপত্র দলিল প্রস্তুতকরণে সহায়তা প্রদান;

৪. জরিপ, তদন্ত ও পরীক্ষণ কার্যক্রমের তদারকি ও সমন্বয় সাধন;

৫. জরিপ ও তদন্ত প্রতিবেদনের পর্যালোচনা এবং যাচাইকরণ;

৬. নির্মাণকাজ তদারকি এবং অগ্রগতি প্রতিবেদন (Progress Report) দাখিল;

৭. ঠিকাদারের বিল ও পরিমাপ যাচাই;

৮. গুণগত মান নিয়ন্ত্রণ নিশ্চিতকরণ এবং স্পেসিফিকেশন ও চুক্তি দলিলের সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করা;

৯. সমাপ্তি প্রতিবেদন (Completion Report) প্রস্তুত করা এবং ঠিকাদার কর্তৃক প্রস্তুতকৃত অ্যাজ-বিল্ট (As-Built) ড্রয়িংসমূহ পর্যালোচনা ও যাচাইকরণে সহায়তা প্রদান।

## ৬. ঠিকাদারের বাস্তবায়ন সময়সূচি পর্যালোচনা

পরামর্শক প্রতিষ্ঠান ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বাস্তবায়ন সময়সূচি (Implementation Schedule) বিস্তারিতভাবে পর্যালোচনা করবে, যার মধ্যে থাকবে:

- কাজের কর্মসূচি (Work Program)
- সম্পদ বণ্টন (Resource Allocation)
- কাজ শুরু ও সমাপ্তির সময়সূচি
- নির্মাণ পদ্ধতি (Construction Methodology)

প্রয়োজনবোধে পরামর্শক সংশোধনের সুপারিশ করবে এবং নিশ্চিত করবে যে বাস্তবায়ন সময়সূচি বাস্তবসম্মত, কারিগরি দিক থেকে উপযুক্ত এবং চুক্তির নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নযোগ্য।

অনুমোদিত বাস্তবায়ন সময়সূচি প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণের ভিত্তি হিসেবে ব্যবহৃত হবে।

## ৭. নির্মাণকাজ তদারকি (Supervision of Construction Works)

প্রকল্পের আওতাধীন সকল নির্মাণকাজের তদারকি ও পর্যবেক্ষণের জন্য বাস্তবায়নকালীন সময়ে পরামর্শক প্রতিষ্ঠান প্রয়োজনীয় তদারকি জনবল নিয়োগ ও মোতায়েন করবে।

পরামর্শক প্রতিষ্ঠান ক্লায়েন্টের পক্ষে সকল নির্মাণকাজ তদারকি করবে এবং নিশ্চিত করবে যে কাজসমূহ অনুমোদিত নকশা, কারিগরি স্পেসিফিকেশন, পরিমাণ বিল (BOQ) এবং চুক্তি দলিল অনুযায়ী সম্পাদিত হচ্ছে।

এ উদ্দেশ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করবে:

- সকল নির্মাণ কার্যক্রম তদারকি করা;
- ঠিকাদারের নির্মাণ পদ্ধতি (Methodology) এবং কর্মপরিকল্পনা (Work Program) পর্যালোচনা করা;
- নির্মাণ সামগ্রী এবং কর্মসম্পাদনের গুণগত মান নিয়ন্ত্রণ নিশ্চিত করা;
- উপকরণ পরীক্ষার প্রতিবেদন এবং মাঠ পর্যায়ের পরীক্ষার ফলাফল পর্যালোচনা করা;
- নিয়মিত সাইট পরিদর্শন পরিচালনা করা;
- পরিবেশগত সুরক্ষা ব্যবস্থা (Environmental Safeguard Measures) অনুসরণ নিশ্চিত করা;
- পরিমাপ যাচাই এবং ঠিকাদারের বিল প্রত্যয়ন (Certification) করা;
- পরিদর্শন, নির্দেশনা এবং পরিমাপ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা;
- কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যবেক্ষণ করা;
- ওয়ার্কিং ড্রয়িং (Working Drawing) এবং উপকরণ অনুমোদনের আবেদনসমূহ পর্যালোচনা ও অনুমোদন করা;
- কাজ সমাপ্তির সময় এবং ত্রুটি দায়বদ্ধতা সময়কাল (Defects Liability Period - DLP)-এ পরিদর্শন পরিচালনা করা; এবং
- . তদারকি প্রতিবেদন প্রস্তুত এবং কাজ সমাপ্তির সুপারিশ প্রদান করা।

## ৮. ঠিকাদারকে নির্দেশনা প্রদান (Issue of Instructions to the Contractor)

পরামর্শক প্রতিষ্ঠান নির্মাণ সামগ্রীর গুণগত মান, কর্মসম্পাদনের মান, নির্মাণ পদ্ধতি, নিরাপত্তা ব্যবস্থা, পরিবেশ সংরক্ষণ এবং অনুমোদিত স্পেসিফিকেশন ও নকশার সাথে সামঞ্জস্য নিশ্চিত করার লক্ষ্যে ঠিকাদারকে প্রয়োজনীয় মাঠ পর্যায়ের নির্দেশনা (Field Instructions) এবং কারিগরি দিকনির্দেশনা প্রদান করবে।

গুরুত্বপূর্ণ সকল সাইট নির্দেশনার লিখিত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ক্লায়েন্টের পূর্বানুমোদন ব্যতীত পরামর্শক প্রতিষ্ঠান এমন কোনো নির্দেশনা প্রদান করতে পারবে না, যার ফলে উল্লেখযোগ্য আর্থিক প্রভাব বা কাজের পরিধি পরিবর্তন (Variation) ঘটে।

## ৯. কাজের পরিদর্শন ও পরীক্ষণ (Inspection and Testing of Works)

বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠান নির্মাণ সামগ্রী, কর্মসম্পাদনের মান এবং গ্রহণযোগ্যতা পরীক্ষাসমূহ (Acceptance Tests) নিয়মিত পরিচালনা করবে, যাতে অনুমোদিত নকশা, কারিগরি স্পেসিফিকেশন এবং চুক্তির শর্তাবলীর সাথে সামঞ্জস্য নিশ্চিত করা যায়।

যদি কোনো কাজ, উপকরণ বা কর্মসম্পাদন অনুমোদিত মানদন্ড বা স্পেসিফিকেশনের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তাহলে পরামর্শক প্রতিষ্ঠান ঠিকাদারকে নিজ খরচে সেই ত্রুটিপূর্ণ কাজ অপসারণ, প্রতিস্থাপন অথবা সংশোধনের নির্দেশ প্রদান করবে।

এ ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠান:

- চলমান সকল নির্মাণকাজের নিয়মিত পরিদর্শন করবে;
- গুণগত মান নিয়ন্ত্রণ পদ্ধতি, ল্যাবরেটরি পরীক্ষা এবং মাঠ পর্যায়ের পরীক্ষার ফলাফল যাচাই করবে;
- অনুমোদিত স্পেসিফিকেশন, মানদন্ড এবং স্বীকৃত প্রকৌশল চর্চার (Engineering Practices) অনুসরণ নিশ্চিত করবে;
- নির্মাণকাজে ব্যবহারের পূর্বে নির্মাণ সামগ্রী, যন্ত্রপাতি এবং কর্মসম্পাদনের মান পরিদর্শন করবে;
- পরিদর্শন, পরীক্ষার ফলাফল এবং গুণগত মান নিয়ন্ত্রণ কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করবে;
- কাজের মৌলিক সমাপ্তি (Substantial Completion) পর্যায়ে পরিদর্শন পরিচালনা করবে এবং ক্লায়েন্টের সাথে সমন্বয়ক্রমে প্রাথমিক হস্তান্তর সনদ (Initial Hand-Over Certificate) প্রদানের সুপারিশ করবে;
- ত্রুটি দায়বদ্ধতা সময়কালে (DLP) নির্ধারিত বিরতিতে পরিদর্শন করবে;
- DLP চলাকালীন সনাক্তকৃত ত্রুটিসমূহ সম্পর্কে ক্লায়েন্ট ও ঠিকাদারকে অবহিত করবে এবং সংশোধন কার্যক্রম তদারকি করবে; এবং
- সকল ত্রুটি সন্তোষজনকভাবে সংশোধন এবং DLP সমাপ্তির পর চূড়ান্ত হস্তান্তর সনদ (Final Hand-Over Certificate) প্রদানের সুপারিশ করবে।

## ১০. অর্থপ্রদান সনদ অনুমোদন (Approval of Payment Certificates)

পরামর্শক প্রতিষ্ঠান সম্পন্নকৃত কাজের পরিমাপ, যাচাই এবং বিল প্রত্যয়নের জন্য ঠিকাদারের সাথে যৌথভাবে মাঠ পর্যায়ে পরিমাপ গ্রহণ করবে।

পরামর্শক প্রতিষ্ঠান নিম্নলিখিত দায়িত্ব পালন করবে:

- সম্পন্নকৃত কাজের পরিমাপ এবং পরিমাণ যাচাই করা;
- অন্তর্বর্তীকালীন (Interim) এবং চূড়ান্ত (Final) বিল বিবরণী পরীক্ষা করা;
- চুক্তিতে নির্ধারিত সময়য়ের মধ্যে মাসিক ও চূড়ান্ত বিল প্রত্যয়ন করা;
- অনুমোদিত অর্থপ্রদান সনদ (Payment Certificate) প্রক্রিয়াকরণ ও অর্থপ্রদানের জন্য ক্লায়েন্টের নিকট প্রেরণ করা;
- পরিমাপ, পরিমাণ এবং অর্থপ্রদান সনদের সঠিক রেকর্ড সংরক্ষণ করা;
- সম্পাদিত কাজ, প্রদত্ত অর্থ, সরবরাহকৃত উপকরণ এবং সাইটে মোতায়েনকৃত যন্ত্রপাতির রেকর্ড সংরক্ষণ করা;
- প্রয়োজন অনুযায়ী Variation Claim, অতিরিক্ত কাজ এবং সময় বৃদ্ধির দাবিসমূহ পর্যালোচনা করা; এবং
- প্রকল্পের অনুমোদিত বাজেটের বিপরীতে চুক্তির ব্যয় এবং আর্থিক অগ্রগতি পর্যবেক্ষণ করা।

## ১১. প্রতিবেদন / সভা (Reporting / Meeting)

পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের কাজের অগ্রগতি, বাস্তবায়ন অবস্থা, বাজেট এবং আর্থিক বিষয়াদি সম্পর্কে ক্লায়েন্টকে নিয়মিতভাবে অবহিত রাখবে। এ উদ্দেশ্যে নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিল এবং সভায় অংশগ্রহণ করতে হবে।

পরামর্শক প্রতিষ্ঠানকে মাসিক অগ্রগতি প্রতিবেদন (Monthly Progress Report) দাখিল করতে হবে, যার মধ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে, তবে তা এদের মধ্যে সীমাবদ্ধ থাকবে না:

- সম্পাদিত কাজের পরিমাপ এবং পরিমাণ;
- সাইটে সরবরাহকৃত, ব্যবহৃত এবং/অথবা মজুদকৃত যন্ত্রপাতি ও নির্মাণসামগ্রী;
- মাটি ভরাট কাজ, কংক্রিট কাজ, নির্মাণসামগ্রী এবং যন্ত্রপাতির উপর পরিচালিত গুণগত মান পরীক্ষার ফলাফল;
- শ্রমশক্তি এবং নির্মাণ সম্পদের বর্তমান অবস্থা;
- অতিরিক্ত কাজ (Variation Orders) এবং অতিরিক্ত নির্দেশনা, যদি থাকে;
- ঠিকাদারকে প্রদত্ত অর্থপ্রদানের বিবরণ;
- কাঠামো এবং সম্পন্নকৃত কাজের পরিদর্শন ও গ্রহণযোগ্যতা পরীক্ষার ফলাফল;
- বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা এবং পরামর্শক কর্তৃক প্রদত্ত সুপারিশ;
- পরিবেশ, নিরাপত্তা এবং গুণগত মান নিয়ন্ত্রণ সংক্রান্ত সম্মতি (Compliance) অবস্থা; এবং
- কাজের অগ্রগতি প্রদর্শনকারী আলোকচিত্র (Photographs)।

পরামর্শক প্রতিষ্ঠান কাজ সমাপ্তির পর অথবা পরামর্শক সেবার মেয়াদ শেষে একটি চূড়ান্ত প্রতিবেদন (Final Report) প্রস্তুত ও দাখিল করবে।

এছাড়াও পরামর্শক প্রতিষ্ঠান প্রাথমিক হস্তান্তর সনদ (Initial Hand-Over Certificate) এবং চূড়ান্ত হস্তান্তর সনদ (Final Hand-Over Certificate) প্রদানের বিষয়ে সুপারিশ প্রস্তুত ও দাখিল করবে।

পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়মিত সাইট সভা, সমন্বয় সভা এবং কারিগরি বৈঠকের আয়োজন ও অংশগ্রহণ করতে হবে, যাতে ঠিকাদার এবং ক্লায়েন্টের সাথে কাজের অগ্রগতি, গুণগত মান এবং বাস্তবায়ন-সংক্রান্ত বিষয়সমূহ পর্যালোচনা করা যায় এবং বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যার সমাধান করা যায়।

প্রয়োজনবোধে এবং ক্লায়েন্টের অনুমোদন সাপেক্ষে পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির শর্তাবলী অনুযায়ী অতিরিক্ত কাজের নির্দেশনা (Variation Orders), সময় বৃদ্ধির দাবি (Extension of Time Claims) এবং কাজের পরিবর্তন সংক্রান্ত সুপারিশ প্রদান করতে পারবে।

পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের অনুমোদিত বাজেটের সাথে সামঞ্জস্য রেখে চুক্তির ব্যয় এবং আর্থিক অগ্রগতিও নিয়মিত পর্যবেক্ষণ করবে।

## ১২. ডেলিভারেবলস এবং প্রতিবেদন দাখিলের সময়সূচি

| ডকুমেন্ট/রিপোর্ট/ডেলিভারেবল | দাখিলের সময় | প্রতিবেদন প্রাপক |
|---|---|---|
| **ডেলিভারেবল-১ ইনসেপশন রিপোর্ট (Inception Report)**<br>• ডিপিপি (DPP), TOR এবং প্রকল্পের প্রয়োজনীয়তার পর্যালোচনা<br>• বিস্তারিত কর্মপদ্ধতি (Methodology) ও কর্মপরিকল্পনা<br>• নকশার মানদণ্ড (Design Criteria) এবং প্রযোজ্য স্ট্যান্ডার্ডসমূহ<br>• জরিপ ও তদন্ত কর্মসূচি<br>• প্রকল্প বাস্তবায়ন সময়সূচি | ১ম মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-২ জরিপ, তদন্ত এবং ডিজাইন বেসিস রিপোর্ট**<br>• টপোগ্রাফিক জরিপের পর্যালোচনা ও যাচাইকরণ<br>• জলবিদ্যা মূল্যায়ন এবং ড্রেনেজ স্টাডি পর্যালোচনা<br>• সাইট উপযোগিতা মূল্যায়ন<br>• নকশা পরামিতি এবং সুপারিশমালা | ২য় মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৩ কনসেপ্ট ডিজাইন রিপোর্ট**<br>• ড্রেনেজ অবকাঠামো ও বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থার কনসেপ্ট ডিজাইন<br>• সোলার ফেন্সিং, ট্রি টাওয়ার, বিলবোর্ড/রোড সাইন-এর কনসেপ্ট ডিজাইন<br>• ওয়াটার হোল এবং সল্টলিক এরিয়ার কনসেপ্ট ডিজাইন<br>• অস্থায়ী চিকিৎসা শেড এবং কর্মচারী ব্যারাকের কনসেপ্ট ডিজাইন<br>• হাতি উদ্ধার কেন্দ্রের কনসেপ্ট ডিজাইন<br>• হাতি অভয়ারণ্যের কনসেপ্ট ডিজাইন | ৩য় মাস | প্রকল্প পরিচালক |

| ডকুমেন্ট/রিপোর্ট/ডেলিভারেবল | দাখিলের সময় | প্রতিবেদন প্রাপক |
|---|---|---|
| **ডেলিভারেবল-৪ বিস্তারিত নকশা প্যাকেজ – I**<br>• ড্রেনেজ কাঠামোর বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থার বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• সোলার পাওয়ার ফেন্সিং-এর বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• ট্রি টাওয়ারের বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• বিলবোর্ড/রোড সাইনের বিস্তারিত নকশা ও অঙ্কন | ৪র্থ মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৫ বিস্তারিত নকশা প্যাকেজ – II**<br>• ওয়াটার হোলের বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• সল্টলিক এরিয়ার বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• অস্থায়ী চিকিৎসা শেডের বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• কর্মচারী ব্যারাকের বিস্তারিত নকশা ও অঙ্কন | ৫ম মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৬ বিস্তারিত নকশা প্যাকেজ – III**<br>• গাজীপুর সাফারি পার্ক এবং ডুলাহাজারা সাফারি পার্কের হাতি উদ্ধার কেন্দ্রের বিস্তারিত নকশা ও অঙ্কন<br>• চুনতি, চট্টগ্রামের হাতি অভয়ারণ্যের বিস্তারিত নকশা ও অঙ্কন এবং সংশ্লিষ্ট সকল অবকাঠামো ও ইউটিলিটি নকশা | ৬ষ্ঠ মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৭ চূড়ান্ত নকশা, BOQ এবং দরপত্র সহায়তা**<br>• সমন্বিত চূড়ান্ত অঙ্কনসমূহ<br>• প্রকৌশল ব্যয় প্রাক্কলন (Engineer's Cost Estimate)• পরিমাণ বিল (BOQ)<br>• দরপত্র প্রক্রিয়া ও বিড প্যাকেজ সহায়তা | ৭ম মাস | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৮ নির্মাণ তদারকি অগ্রগতি প্রতিবেদন – I**<br>• কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি<br>• গুণগত মান নিয়ন্ত্রণ ও পরীক্ষার রেকর্ড<br>• সাইট পরিদর্শন প্রতিবেদন• পরিমাপ যাচাইকরণ রেকর্ড<br>• অন্তর্বর্তীকালীন বিল প্রত্যয়ন অবস্থা<br>• অগ্রগতির আলোকচিত্র সমস্যা ও সুপারিশ | নির্মাণকাজ শুরুর ৩ মাস পর | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-৯ নির্মাণ তদারকি অগ্রগতি প্রতিবেদন – II**<br>• নির্মাণ অগ্রগতি মূল্যায়ন ও চুক্তি প্রশাসন প্রতিবেদন<br>• ভেরিয়েশন ও দাবির পর্যালোচনা<br>• গুণগত নিশ্চয়তা ও সম্মতি প্রতিবেদন<br>• নির্মাণকালীন ত্রুটি শনাক্তকরণ<br>• হালনাগাদ বাস্তবায়ন সময়সূচি<br>• সমাপ্তি ও হস্তান্তর সংক্রান্ত সুপারিশ | নির্মাণকাজ শুরুর ৬ মাস পর | প্রকল্প পরিচালক |
| **ডেলিভারেবল-১০ খসড়া প্রতিবেদন এবং সমাপ্তি মূল্যায়ন**<br>• নির্মাণকাজের চূড়ান্ত অগ্রগতি অবস্থা<br>• চূড়ান্ত পরিমাপ ও পরিমাণ যাচাইকরণ<br>• ঠিকাদারের প্রস্তুতকৃত অ্যাজ-বিল্ট ড্রয়িং পর্যালোচনা<br>• ত্রুটি ও পাঞ্চ-লিস্ট প্রতিবেদন | নির্মাণকাজ শুরুর ১২ মাস পর | প্রকল্প পরিচালক |

| ডকুমেন্ট/রিপোর্ট/ডেলিভারেবল | দাখিলের সময় | প্রতিবেদন প্রাপক |
|---|---|---|
| • প্রাথমিক হস্তান্তর সনদের সুপারিশ<br>• পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সুপারিশ | | |
| **ডেলিভারেবল-১১ চূড়ান্ত প্রতিবেদন এবং প্রকল্প সমাপ্তি ডকুমেন্টেশন**<br>• ক্লায়েন্টের মন্তব্য অন্তর্ভুক্ত করে চূড়ান্ত প্রতিবেদন<br>• যাচাইকৃত ও অনুমোদিত অ্যাজ-বিল্ট ড্রয়িং চূড়ান্ত সমাপ্তি প্রতিবেদন<br>• চূড়ান্ত পরিমাপ ও অর্থপ্রদান যাচাইকরণ প্রতিবেদন<br>• ত্রুটি সংশোধন অগ্রগতি প্রতিবেদন<br>• চূড়ান্ত হস্তান্তর সনদের সুপারিশ<br>• সকল অঙ্কন, BOQ, ডিজাইন ক্যালকুলেশন, প্রতিবেদন ও প্রকল্প রেকর্ডের হার্ড ও সফট কপি | নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পর | প্রকল্প পরিচালক |

## ১৩. সেবার মেয়াদ

এই পরামর্শক সেবার মেয়াদ প্রকল্পের বাস্তবায়নকালীন সময়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। পরামর্শক সেবা জুলাই ২০২৬ হতে শুরু হয়ে জুন ২০২৮ পর্যন্ত অথবা প্রকল্পের সকল কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত, পরামর্শক প্রতিষ্ঠানের কাজ অব্যাহত থাকবে।

## ১৪. পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা

আগ্রহী পরামর্শক প্রতিষ্ঠানকে নিম্নলিখিত যোগ্যতা, অভিজ্ঞতা এবং শর্তাবলি পূরণ করতে হবে:

১. পূর্তকাজ তদারকিতে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন নিবন্ধিত প্রতিষ্ঠান;

২. নিম্নোক্ত বৈধ দলিলাদি থাকতে হবেঃ (ক) ট্রেড লাইসেন্স, (খ) ভ্যাট নিবন্ধন সনদ, (গ) টিআইএন সনদ, (ঘ) ব্যাংক সলভেন্সি সনদ এবং (ঙ) গত ৩ (তিন) বছরের নিরীক্ষা (Audit) প্রতিবেদন।

৩. বিগত ৭ বছরে সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অনুরূপ অন্তত ৩টি কাজ Construction Supervision পরিচালনার অভিজ্ঞতা;

৪. পরিবেশ ও বন খাতে নির্মাণ তদারকির পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

৫. প্রতিষ্ঠানের পর্যাপ্ত কারিগরি জনবল ও সরঞ্জাম থাকতে হবে।

## ১৫. মূল বিশেষজ্ঞ জনবলের যোগ্যতা ও অভিজ্ঞতা

পরামর্শক প্রতিষ্ঠানের দলে অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় প্রধান বিশেষজ্ঞদের তালিকা নিচে উল্লেখ করা হয়েছে। তবে, কার্যসম্পাদনের প্রয়োজনীয়তা বিবেচনায় পরামর্শক প্রতিষ্ঠান প্রয়োজনে অতিরিক্ত বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করার প্রস্তাব দিতে পারবে।

| ক্র. নং | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ন্যূনতম অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | টিম লিডার (ডিজাইন ও তদারকি) | ১ | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ১৫ বছর |

| ক্র. নং | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ন্যূনতম অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২ | স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার | ১ | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, | ১৫ বছর |
| ৩ | পরিবেশ ও সুরক্ষা বিশেষজ্ঞ (Environmental Safeguard Specialist) | ১ | পরিবেশ বিজ্ঞান/পরিবেশ প্রকৌশলে স্নাতক | ৭ বছর |
| ৪ | গুণগত নিশ্চয়তা প্রকৌশলী (Quality Assurance Engineer) | ১ | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৮ বছর |
| ৫ | ব্যয় প্রাক্কলন ও পরিমাণ জরিপ বিশেষজ্ঞ (Cost Estimator / Quantity Surveyor) | ১ | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৮ বছর |
| ৬ | সাইট তদারকি প্রকৌশলী (Site Supervision Engineer) | ২ | ডিপ্লোমা/বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ডিপ্লোমার ক্ষেত্রে ১০ বছর, বি.এসসি. এর ক্ষেত্রে ৭ বছর |
| ৭ | বৈদ্যুতিক প্রকৌশলী (Electrical Engineer) | ১ | বি.এসসি. ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৮ বছর |

## ১৬. অর্থপ্রদান সময়সূচি

বাংলাদেশ বন অধিদপ্তর কর্তৃক ডেলিভারেবলসমূহ পর্যালোচনা, যাচাইকরণ এবং আনুষ্ঠানিক অনুমোদনের পর আউটপুট-ভিত্তিক (Output-Based) পদ্ধতিতে অর্থপ্রদান করা হবে।

| ক্র. নং | ডকুমেন্ট/রিপোর্ট/ডেলিভারেবল | অর্থপ্রদানের হার (%) |
|---|---|---|
| ১ | ডেলিভারেবল-১: ইনসেপশন রিপোর্ট | ১০% |
| ২ | ডেলিভারেবল-২: জরিপ, তদন্ত এবং ডিজাইন বেসিস রিপোর্ট | ১০% |
| ৩ | ডেলিভারেবল-৩: কনসেপ্ট ডিজাইন রিপোর্ট | ১০% |
| ৪ | ডেলিভারেবল-৪: বিস্তারিত নকশা প্যাকেজ – I | ১০% |
| ৫ | ডেলিভারেবল-৫: বিস্তারিত নকশা প্যাকেজ – II | ১০% |
| ৬ | ডেলিভারেবল-৬: বিস্তারিত নকশা প্যাকেজ – III | ১০% |
| ৭ | ডেলিভারেবল-৭: চূড়ান্ত নকশা, BOQ এবং দরপত্র সহায়তা | ১৫% |

| ক্র. নং | ডকুমেন্ট/রিপোর্ট/ডেলিভারেবল | অর্থপ্রদানের হার (%) |
|---|---|---|
| ৮ | ডেলিভারেবল-৮: নির্মাণ তদারকি অগ্রগতি প্রতিবেদন – I | ৫% |
| ৯ | ডেলিভারেবল-৯: নির্মাণ তদারকি অগ্রগতি প্রতিবেদন – II | ৫% |
| ১০ | ডেলিভারেবল-১০: খসড়া প্রতিবেদন এবং সমাপ্তি মূল্যায়ন | ৫% |
| ১১ | ডেলিভারেবল-১১: চূড়ান্ত প্রতিবেদন এবং প্রকল্প সমাপ্তি ডকুমেন্টেশন | ১০% |

১৭. নিয়োগকারী কর্তৃপক্ষের দায়িত্বসমূহ

- প্রকল্পের প্রয়োজনীয় তথ্য ও নথিপত্র সরবরাহ করা;
- সাইট পরিদর্শনে সহায়তা ও প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করা;
- সাইট অফিস স্থাপনে প্রয়োজনীয় জায়গা ও সুযোগ-সুবিধা দেওয়া;
- পরামর্শক প্রতিষ্ঠানের অনুমোদিত প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ;
- পারিশ্রমিক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ নিশ্চিত করা।
- প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) কর্তৃক কোনো যানবাহন, অফিস কক্ষ, মাঠ সরঞ্জাম বা অন্যান্য লজিস্টিক সহায়তা প্রদান করা হবে না।

১৮.প্রতিবেদনের ভাষা ও মাধ্যম

সকল প্রতিবেদন বাংলা ও ইংরেজিতে প্রস্তুত করতে হবে;
ডিজিটাল কপি MS Word ও PDF ফরম্যাটে জমা দিতে হবে;
ফটোগ্রাফিক ডকুমেন্টেশন হাই-রেজোলিউশন ফরম্যাটে সংরক্ষণ করতে হবে।

**১৯. সাধারণ তথ্য**

১. নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠানকে অনুমোদিত কর্মপরিকল্পনা এবং সময়সূচি অনুযায়ী পরামর্শক সেবা সম্পন্ন করতে হবে। অ্যাসাইনমেন্টের প্রতিটি পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠানের কার্যসম্পাদন ক্লায়েন্টের সন্তোষজনক হতে হবে।

২. নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠানকে প্রস্তাবনা, পরিকল্পনা, অঙ্কন, নকশা, ব্যয় প্রাক্কলন এবং অন্যান্য সংশ্লিষ্ট পরামর্শক সেবা প্রস্তুতের ক্ষেত্রে প্রকল্প পরিচালক (PD), সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা (DFOs) এবং বাংলাদেশ বন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাদের সাথে ঘনিষ্ঠ পরামর্শ ও সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে।

৩. এই পরামর্শক সেবার শর্তাবলি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে। সক্ষম কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অতিরিক্ত যেকোনো শর্তাবলি এই পরামর্শক সেবার শর্তাবলি এবং চুক্তি দলিলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

৪. ক্রয়কারী সংস্থা (Procuring Entity) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো প্রস্তাব গ্রহণ বা বাতিল করার এবং কাজ/সেবার পরিধি ও পরিমাণ বৃদ্ধি বা হ্রাস করার অধিকার সংরক্ষণ করে।

(এ.এস.এম. জহির উদ্দিন আকন)
প্রকল্প পরিচালক
হাতি সংরক্ষণ প্রকল্প
টেলিফোন: ২২২২৮২৩৪৪
ই-মেইল: cfccdhaka@gmail.com